ভোরের কাগজ

তারিখ JAN 2 6 2000
পৃষ্ঠা ২ কলাম ৩

66

### শিবিরকর্মী আটকের জের

# রংপুর কারমাইকেল কলেজে ব্যাপক ভাঙচুর, ৪ শিক্ষক লাঞ্ছিত

রংপুর প্রতিনিধি : ভুয়া প্রবেশপত্র দেখিয়ে ভর্তির চেষ্টাকালে এক শিবির কর্মীকে আটকের ঘটনায় শিবির ও ছাত্রদল কর্মীরা গতকাল মঙ্গলবার কারমাইকেল কলেজে ব্যাপক ভাঙচুর ও চারজন শিক্ষককে লাঞ্ছিত করে। এ ঘটনায় শিবির ও ছাত্রদলের ৪ নেতার বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। আজ কলেজ ক্যাম্পাসের শহীদ মিনার চত্বরে শিক্ষকরা প্রতিবাদ সভা ডেকেছেন।

কলেজ কর্তৃপক্ষ জানায়, গতকাল সকাল ১১টার দিকে শিবির কর্মী রোস্তম আলী ভর্তি পরীক্ষায় কৃতকার্য অপর একজন ছাত্রের রোল নাম্বার ব্যবহার করে ভুয়া প্রবেশপত্র বানিয়ে ইতিহাস বিভাগে সম্মান শ্রেণীতে ভর্তির জন্য যায়। এ সময় বিষয়টি নিয়ে ঐ বিভাগের শিক্ষকদের মধ্যে সন্দেহ দেখা দেয়। তারা কাগজপত্র দেখে ভুয়া প্রমাণিত হলে ছাত্রটিকে পুলিশে সোপর্দের জন্য আটক করেন।

শিবির নেতৃবৃন্দ এ ঘটনার কথা জানতে পেরে ছাত্রটিকে ছেড়ে দেওয়ার জন্য কলেজ কর্তৃপক্ষকে চাপ দেয়। কর্তৃপক্ষ রোস্তমকে ছাড়তে রাজি না হলে তারা ছাত্রদলের নেতাকর্মীদের সঙ্গে নিয়ে শিক্ষকরে ওপর হামলা চালায় এবং আটক কর্মীটিকে ছিনিয়ে নেয়। এর পরে দেড় ঘণ্টা ধরে বিভিন্ন বিভাগে ব্যাপক ভাঙচুর চালায়। তাদের বাধা দিতে গিয়ে ইতিহাস বিভাগের প্রধান জি এম বেলাল, ইসলামের ইতিহাসের প্রভাষক ফিরোজ রহমান, হিসাব বিজ্ঞান বিভাগের প্রভাষক হোসেন আলী রব্বানী ও ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক আব্দুর রাজ্জাক আহত হন। শিক্ষকরা অভিযোগ করেন, পুলিশের সামনে এ ঘটনা ঘটলেও তারা নির্বিকার ছিল। কর্তৃপক্ষ ইসলামী ছাত্রশিবিরের দুজন ও জাতীয়তাবাদী ছাত্রদলের দুজন নেতাকে এ ঘটনার জন্য দায়ী করে থানায় মামলা করেছে।